

“শেখ হাসিনার উদ্যোগ-ঘরে ঘরে বিদ্যুৎ”



চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১

(এলাকা ভিত্তিক পল্লী বিদ্যুতায়ন কার্যক্রম)

হাজীগঞ্জ, চাঁদপুর।

যোগাযোগ : ০৮৪২৪-৭৫২৫৫ (অফিস), ০৮৪২৪-৭৫৩৬৬ (বাসা), ইমেইল : chandpbs@yahoo.com

স্মারক নং-২৭.১২.১৩৪৯.৫০৭.০০৬.১০৬.১৮. ৪৬৫৯

তারিখ : ১৪/০২/২০১৮ ইং

“নিয়োগ বিজ্ঞপ্তি”

চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এ নিম্নবর্ণিত শূণ্য পদে লোকবল নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে মিটার রিডার/ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে সন্তোষজনক কাজের অভিজ্ঞতা সম্পন্ন বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।


ক্রঃ নং	পদের নাম	পদের সংখ্যা	বেতন স্কেল	প্রার্থীর যোগ্যতা
০১	মিটার রিডার কাম ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)	৩০	১৪,৭০০.০০ -২৬,৪৮০.০০ এবং নিয়মানুযায়ী অন্যান্য ভাতাদি।	শিক্ষাগত যোগ্যতাঃ এস এস সি/সমমান পাশ। অভিজ্ঞতা : বাংলাদেশের বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতি সমূহে মিটার রিডার/ ম্যাসেঞ্জার পদে ০৩/০৬/০৯ বছর ধারাবাহিক ও সন্তোষজনকভাবে কর্মসম্পাদন।

শর্তাবলী :

- আগামী ০৪/০৩/২০১৮ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে আবেদনপত্র পৌঁছাতে হবে। আবেদন পত্রের সাথে সকল শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, সাম্প্রতিক কালের তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি, জাতীয় পরিচয়পত্র, জন্ম নিবন্ধন, নাগরিকত্ব ও চারিত্রিক সনদপত্র প্রথম শ্রেণীর গেজেটেড সরকারী কর্মকর্তা কর্তৃক (নাম সম্বলিত সীলসহ) সত্যায়িত হতে হবে।
- আবেদনকারীকে সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রদত্ত অভিজ্ঞতার সনদ আবেদন পত্রের সহিত সংযুক্ত করতে হবে। অভিজ্ঞতার সনদ ব্যতীত আবেদনপত্র বিবেচনায় আনা হবে না।
- আবেদনকারীদের মধ্য হতে প্রতিযোগিতামূলক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের নিয়মানুযায়ী চুক্তিভিত্তিক “মিটার রিডার কাম ম্যাসেঞ্জার” পদে নিয়োগ দেওয়া হবে। নিয়োগ প্রাপ্ত প্রার্থীকে অত্র সমিতির অনুকূলে নিরাপত্তা জামানত হিসাবে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা জমা দিতে হবে
- নির্বাচিত প্রার্থীকে ০৩ (তিন) বছর করে চুক্তিভিত্তিক হিসেবে সর্বোচ্চ ০৯ (নয়) বছরের জন্য নিয়োগ করা হবে। তবে নিয়োগ প্রাপ্ত প্রার্থী চাকুরীতে সর্বোচ্চ ৫৫ বছর বয়স পর্যন্ত কর্মরত থাকতে পারবেন।
- আবেদনকারীগণ অত্র সমিতির ওয়েব সাইট www.chandpurpbs1.org হতে আবেদন ফরম সংগ্রহ করতে পারবেন। নির্ধারিত ফরম ব্যতীত আবেদন গ্রহণযোগ্য হবে না। নিয়োগ সংক্রান্ত অন্যান্য তথ্যাদি অত্র সমিতির ওয়েব সাইটে পাওয়া যাবে।
- অত্র সমিতিতে যারা ইতিমধ্যে ০৯ (নয়) বছর মিটার রিডার অথবা ম্যাসেঞ্জার হিসাবে কর্মরত ছিলেন তাদের আবেদন করার প্রয়োজন নাই।
- নিয়োগ প্রাপ্তদের প্রতিমাসে কমপক্ষে গ্রাহক প্রাপ্ত হতে ২০০০ মিটার রিডিং গ্রহন এবং সমসংখ্যক বিল গ্রাহক প্রাপ্তে পৌঁছাতে হবে।
- নিয়োগ প্রক্রিয়াধীন অবস্থায় কোন জেলার কোটা পূর্ণ হলে উক্ত জেলা কোটা বিবেচনা করা হবে না।
- ইতোপূর্বে অন্য কোন সংস্থায় ও পল্লী বিদ্যুৎ সমিতি হতে অপসারিত/বরখাস্ত/স্বৈচ্ছায় পদত্যাগকারী প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই। যদি কেউ তথ্য গোপন করে নিয়োগ প্রাপ্ত হন তবে কোনপ্রকার তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষণিকভাবে চাকুরী হতে বরখাস্ত করা হবে।


অপর পাতায় দৃষ্টব্য :-

- ১০। জেলা কোটার প্রাপ্যতা না থাকায় গাজীপুর, নরসিংদী, ফরিদপুর, বান্দরবন, কুমিল্লা, নোয়াখালী, ফেনী, লক্ষীপুর, বগুড়া, নাটোর, চাঁপাইনবাবগঞ্জ, নড়াইল, মেহেরপুর, ভোলা, পিরোজপুর ও বরগুনা জেলা এবং অত্র সমিতির ভৌগলিক এলাকার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই।
- ১১। অত্র সতিতিতে কর্মরত কর্মকর্তা/কর্মচারী বা বোর্ড পরিচালক/মহিলা পরিচালকগণের স্বামী/স্ত্রী অথবা তাদের রক্ত সম্পর্কীয় কারো আবেদন করার প্রয়োজন।
- ১২। অসম্পূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত আবেদন বাতিল বলে গন্য হবে। নিয়োগ সংক্রান্ত যেকোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গন্য হবে।


 (মোঃ ইউসুফ)
 জেনারেল ম্যানেজার

অনুলিপি : (সদয় অবগতি ও বিজ্ঞপ্তি আপনাদের দপ্তরের নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের অনুরোধ সহ)।

- ০১। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
- ০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পূর্বাঞ্চল) /পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
- ০৩। পরিচালক(কারিগরী), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি), বাপবিবোর্ড, ঢাকা (নিয়োগ বিজ্ঞপ্তি বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, পবিস-১/২/৩/৪।
- ০৫। ডিজিএম (সদর-কারিগরী)/কচুয়া/শাহরাস্তি জোঃ অঃ, চাঁদপুর পবিস-১।
- ০৬। এজিএম (অর্থ), চাঁদপুর পবিস-১।
- ০৭। নোটিশ বোর্ড/অফিস নথি/মাষ্টার নথি/বিল কপি/ওয়েব কপি, পবিস/বাপবিবোর্ড।


 ১৪/০২/১৬
 (মোঃ ইউসুফ)
 জেনারেল ম্যানেজার